

## 🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:২৮

💵 আরবি মূল আয়াত:

فِي سِدرٍ مَّخضُودٍ ﴿٢٨﴾

## 

তারা থাকবে কাঁটাবিহীন কুলগাছের নিচে, — আল-বায়ান

তারা থাকবে কাঁটা বিহীন বরই গাছগুলোর মাঝে, — তাইসিরুল

তারা থাকবে এক উদ্যানে, সেখানে আছে কন্টকহীন কুল বৃক্ষ, — মুজিবুর রহমান

২৮. তারা থাকবে এমন উদ্যানে, যাতে আছে(১) কাঁটাহীন কুলগাছ(২),

(১) অর্থাৎ জান্নাতে প্রবেশের পরে তাদের কি কি নেয়ামত থাকবে তাই এখানে বর্ণিত হয়েছে। [তাবারী]

[They will be] among lote trees with thorns removed — Sahih International

(২) জান্নাতের নেয়ামতসমূহ অসংখ্য, অদ্বিতীয় ও কল্পনাতীত। তন্মধ্যে কুরআন পাক মানুষের বোধগম্য, ও পছন্দসই বস্তুসমূহ উল্লেখ করেছে। হাদীসে এসেছে, এক বেদুঈন এসে জিজ্ঞেস করলো, হে আল্লাহর রাসূল! আল্লাহ্ তা'আলা কুরআনে একটি কস্টদায়ক গাছের কথা উল্লেখ করেছেন। আমি মনে করিনি যে, জান্নাতে কস্ট দায়ক কিছু থাকবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, সেটা কি? বেদুঈন বলল: বরই। কেননা তাতে কাঁটা রয়েছে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "সেটা হবে কাটাহীন বরই গাছ। প্রতিটি কাটার জায়গায় একটি করে ফল থাকবে। এটা শুধু ফলই উৎপাদন করবে। ফলের সাথে বাহাত্তরটি বাহারী রং থাকবে যার এক রং অন্য রংয়ের সাথে সাদৃশ্য রাখবে না।" [মুস্তাদরাকে হাকিম: ২/৪৭৬]

তাফসীরে জাকারিয়া

(২৮) (তারা থাকবে এক বাগানে) সেখানে আছে কাঁটাহীন কুলগাছ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5007

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন